রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, আগস্ট ১৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**
**শিল্প শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৬।**

নং ৪০.০৪.০০০০.০০০.০০২.৩৬.০০০৬.১৯.১৩২—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক প্রণীত **"চামড়াজাত পণ্য ও জুতা কারখানা"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ, ২০২৬** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান।


মূল্য : টাকা ১৬.০০

**''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প**

**খসড়া সুপারিশ-২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ০২-০২-২০২৬ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৭.২৬-১৫ তারিখ: ০২-০২-২০২৬ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরের শ্রমিকগণের নিম্নতম মজুরি হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৭.২৬-১৭ তারিখ: ০২-০২-২০২৬ খ্রিষ্টাব্দ মূলে বিধি মোতাবেক ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ডের উদ্যোগে ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ (১) ওয়াসেক সামীন লিমিটেড, ভাই ভাই কমপ্লেক্স, মৌজা-৭৩২, পূর্বহাটি হেমায়েতপুর, সাভার ঢাকা; (২) আর্কোবালেনো ফুটওয়্যার লিমিটেড, হারুরিয়া মশুরীখোলা, বাকুর্তা, হেমায়েতপুর, সাভার, ঢাকা; (৩) অ্যাকসেঞ্চার ফুটওয়্যার এন্ড লেদার প্রোডাক্টস লিমিটেড, ঝাউচর, মুন্সিপাড়া, হেমায়েতপুর, সাভার, ঢাকা; (৪) অ্যাফিক্স, ইউনিভার্স লিমিটেড, ২৮৯, ডেমরা রোড, শিমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ-১৪৩০ ও (৫) ক্লাসিক্যাল লেদার এন্ড ফুটওয়্যার প্রোডাক্টস লিমিটেড, বরপা, রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এ উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা এবং তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাব ও পরিদর্শন প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত “নিম্নতম মজুরি” সমন্বয়সহ ০১ (এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬,০০০/- (ছয় হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৩০০/-(ছয় হাজার তিনশত) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৩০০/-(ছয় হাজার তিনশত) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৬৬১৫/-(ছয় হাজার ছয়শত পনেরো) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে প্রতিষ্ঠান মালিক/কর্তৃপক্ষ/ঠিকাদার কর্তৃক শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি নির্ধারণ/ধার্য করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১১(৫) এর নতুন শর্তাংশ ও বিধি ১৬(২) এর নতুন শর্তাংশ মোতাবেক মূল মজুরি নির্ধারিত/ধার্যকৃত/প্রাপ্ত সাকুল্য (মোট) মজুরির ৫০% এর কম হইবে না।

১৩। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৪। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৫। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

| | | |
|---|---|---|
| (মো: নাজিম উদ্দিন ভূঁঞা)<br>নিরপেক্ষ সদস্য<br>নিম্নতম মজুরী বোর্ড | (আসিফ আইয়ুব)<br>মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য<br>নিম্নতম মজুরী বোর্ড | (আনোয়ার হোসাইন)<br>শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য<br>নিম্নতম মজুরী বোর্ড |

| | |
|---|---|
| (মো: মমিনুল আহসান)<br>সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য<br>নিম্নতম মজুরী বোর্ড | (আওরঙ্গজেব চৌধুরী)<br>সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য<br>নিম্নতম মজুরী বোর্ড |

## তফসিল “ক”
## শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>২। লাইন লিডার/গ্রুপ লিডার<br>৩। স্যাম্পল ম্যান | ১৩৫৭০/- | ৬৭৮৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ২৩২৫৫/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। সিনিয়র অপারেটর (সকল ধরণের মশিনের জন্য)<br>২। সিনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। সিনিয়র নাইফ সাপ্লাইয়ার<br>৪। সিনিয়র মার্কিং ম্যান<br>৫। সিনিয়র প্যাকিং ম্যান<br>৬। সিনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৭। সিনিয়র প্রিপারেশন ম্যান<br>৮। সিনিয়র প্রাইমার এপ্লাইয়ার<br>৯। সিনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১০। সিনিয়র আয়রণ ম্যান/ফিটিংম্যান<br>১১। সিনিয়র অপারেটর ডিলাষ্টিং<br>১২। সিনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৩। সিনিয়র ক্রিম এপ্লাইয়ার<br>১৪। সিনিয়র মোল্ড চেনজার<br>১৫। সিনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>১৬। সিনিয়র ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>১৭। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>১৮। সিনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>১৯। সিনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ড মোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | ১০০৩০/- | ৫০১৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৭৯৪৫/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৩। | গ্রেড-৩:<br>১। অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। ডেসপ্যাচম্যান<br>৩। স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। নাইফ সাপ্লাইয়ার<br>৫। প্যাকিং ম্যান<br>৬। এ্যাসেমব্লিম্যান<br>৭। গ্লু এপ্লাইয়ার<br>৮। সকস পেস্টার<br>৯। মার্কিং ম্যান<br>১০। প্রিপারেশন ম্যান<br>১১। প্রাইমার এপ্লাইয়ার<br>১২। হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৩। আয়রণ ম্যান/ফিটিংম্যান<br>১৪। অপারেটর ডিলাস্টিং<br>১৫। এজকালার এপ্লাইয়ার<br>১৬। ক্রিম এপ্লাইয়ার<br>১৭। মোল্ড চেনজার<br>১৮। অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>১৯। ইনপুট/আউটপুট/এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২০। কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২১। অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২২। মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ড মোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | ৮৬৫০/- | ৪৩২৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৫৮৭৫/- |
| ৪। | গ্রেড-৪:<br>১। জুনিয়র অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। জুনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। জুনিয়র স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। জুনিয়র নাইফ সাপ্লাইয়ার | ৭৬৭০/- | ৩৮৩৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৪৪০৫/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ৫। জুনিয়র গ্লু এপ্লাইয়ার<br>৬। জুনিয়র প্যাকিং ম্যান<br>৭। জুনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৮। জুনিয়র সকস পেস্টার<br>৯। জুনিয়র মার্কিং ম্যান<br>১০। জুনিয়র প্রিপারেশন ম্যান<br>১১। জুনিয়র প্রাইমার এপ্লাইয়ার<br>১২। জুনিয়র অপারেটর ইনসোল এট্যাচিং<br>১৩। জুনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৪। জুনিয়র আয়রণ ম্যান<br>১৫। জুনিয়র অপারেটর ক্রিনিং<br>১৬। জুনিয়র অপারেটর ডিলাষ্টিং<br>১৭। জুনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৮। জুনিয়র ক্রিম এপ্লাইয়ার<br>১৯। জুনিয়র মোল্ড চেনজার<br>২০। জুনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>২১। জুনিয়র ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২২। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৩। জুনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৪। জুনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ড মোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৫। | <u>গ্রেড-৫:</u><br>১। জেনারেল অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। জেনারেল ডেসপ্যাচম্যান<br>৩। জেনারেল সাপ্লাই লাইনিং (সিনথেটিক)<br>৪। জেনারেল স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৫। জেনারেল সীম রাবিং ম্যান | ৬৭৯০/- | ৩৩৯৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৩০৮৫/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ৬। জেনারেল প্যাকিং ম্যান<br>৭। জেনারেল এ্যাসেমব্লিম্যান<br>৮। জেনারেল গ্লু এপ্লাইয়ার<br>৯। জেনারেল হ্যামারিং ম্যান<br>১০। জেনারেল অপারেটর টোপাফ এট্যাচিং<br>১১। স্টিকার পুটিং ম্যান<br>১২। জেনারেল অপারেটর পাঞ্চিং<br>১৩। জেনারেল অপারেটর ইনসোল এটাচিং<br>১৪। জেনারেল হিল কালার ম্যান<br>১৫। জেনারেল অপারেটর হিল বিটিং (ইনসোল)<br>১৬। জেনারেল অপারেটর ক্লিনিং<br>১৭। জেনারেল অপারেটর আউটসোল প্যাকিং/চেকিং<br>১৮। জেনারেল এজকালার এপ্লিকেশনার<br>১৯। জেনারেল অপারেটর চার্জিং ম্যান (ফিনিশ)<br>২০। জেনারেল প্রিপারেশন ম্যান<br>২১। জেনারেল অপারেটর হ্যান্ড স্টিচিং/ হ্যান্ড কাটিং<br>২২। জেনারেল ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২৩। জেনারেল কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৪। জেনারেল অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৫। জেনারেল মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ড মোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৬। | <u>গ্রেড-৬:</u><br>১। সহকারী অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। সহকারী কাটিং/ফিটিং/আয়রন ম্যান<br>৩। সহকারী ডেসপ্যাচম্যান | ৬০০০/- | ৩০০০/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১১৯০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | ৪। সহকারী ক্লিনিং ম্যান<br>৫। সহকারী টেপিং ম্যান<br>৬। সহকারী প্যাকিং ম্যান<br>৭। সহকারী এ্যাসেমব্লিম্যান<br>৮। সহকারী সুইং লেসিং ম্যান<br>৯। সহকারী সুতা কাটা ম্যান<br>১০। সহকারী লাষ্টিং ম্যান<br>১১। সহকারী বক্স মেকিং ম্যান<br>১২। সহকারী ইনসোল ম্যান<br>১৩। সহকারী আউটসোল চাজিং ম্যান<br>১৪। সহকারী স্কিন প্রিন্ট ম্যান<br>১৫। সহকারী স্ট্যাপিং ম্যান<br>১৬। সহকারী টেপিং থ্রেড বানিং/কাটিং ম্যান<br>১৭। সহকারী পিন এট্যাচ ম্যান<br>১৮। সহকারী আপার সেপিং ম্যান<br>১৯। সহকারী এজ কালার ম্যান<br>২০। সহকারী ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২১। সহকারী ইনসোল স্ট্যাপিং ম্যান<br>২২। সহকারী ক্যারিয়ার, আউটসোল ক্লিনিং ম্যান<br>২৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৪। সহকারী মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ড মোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৭। | **শিক্ষানবিশ শ্রমিক:** | (ক) শিক্ষানবিশকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে= ১০০০০/- (দশ হাজার) টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল "খ"
## কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **<u>গ্রেড-১:</u>**<br>১। ষ্টোর কিপার/ওয়ার হাউজ কিপার/ টাইপ কিপার<br>২। সিনিয়র ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৩। সিনিয়র স্যানিটারী টেকনিশিয়ান/ প্লাম্বার<br>৪। সিনিয়র মটর ওয়াইন্ডার/ওয়েল্ডার<br>৫। সিনিয়র নার্স/মেডিকেল এসিস্ট্যান্ট<br>৬। সিনিয়র হাবিলদার/গার্ড কমান্ডার<br>৭। সিনিয়র মিস্ত্রি/ম্যাসন<br>৮। সিনিয়র ফায়ারম্যান | ১১৮০০/- | ৫৯০০/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ২০৬০০/- |
| ২। | **<u>গ্রেড-২:</u>**<br>১। হিসাব সহকারী/জুনিয়র এসিস্ট্যান্ট<br>২। পাম্প অপারেটর<br>৩। হাবিলদার/গার্ড কমান্ডার<br>৪। টেলিফোন অপারেটর<br>৫। সহকারী স্টোর কিপার/ক্যাশিয়ার<br>৬। কম্পিউটার অপারেটর/ডাটা এন্ট্রি অপারেটর<br>৭। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী<br>৮। ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৯। শিশু পরিচর্যাকারী<br>১০। মটর ওয়াইন্ডার<br>১১। নার্স/জুনিয়র মেডিকেল এসিস্ট্যান্ট<br>১২। ওয়েল্ডার<br>১৩। ফায়ারম্যান<br>১৪। মিস্ত্রি/ম্যাসন<br>১৫। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্স প্রাপ্ত | ১০৬১০/- | ৫৩০৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৮৮১৫/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মুল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। ক্লার্ক/অফিস সহকারী<br>২। কেয়ারটেকার<br>৩। গার্ডেনার/টি-বয়/ক্যান্টিন বয়<br>৪। কুক<br>৫। অপারেটর (জেনারেটর/কমপ্রেসার/বয়লার/ইটিপি/ লিফট/এসি/ফটোকপি মেশিন)<br>৬। নিরাপত্তা প্রহরী/নিরাপত্তা প্রহরী (মহিলা) | ৮৮৯০/- | ৪৪৪৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৬২৩৫/- |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। সহকারী ক্যান্টিন বয়<br>২। সহকারী গার্ডেনার<br>৩। পিয়ন/চাইল্ড কেয়ার এসিস্ট্যান্ট<br>৪। পানি সরবরাহকারী/সহকারী প্লাম্বার/ সহকারী পাম্প অপারেটর<br>৫। কুক সহকারী<br>৬। প্যাকিং সহকারী<br>৭। সহকারী ইলেকট্রিশিয়ান/ মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৮। ষ্টোর সহকারী<br>৯। ক্লিনার/সুইপার<br>১০। ভ্যান ড্রাইভার/সহকারী ড্রাইভার (লাইট ও মিডিয়াম)<br>১১। মেইনটেনেন্স সহকারী<br>১২। দারোয়ান/চেকার/লোডার<br>১৩। জুনিয়র নিরাপত্তা প্রহরী/নিরাপত্তা প্রহরী (মহিলা)<br>১৪। সহকারী অপারেটর (জেনারেটর/ কমপ্রেসার/বয়লার/ইটিপি/লিফট/এসি/ ফটোকপি মেশিন)<br>১৫। সহকারী মিস্ত্রি/ম্যাসন<br>১৬। সহকারী ফায়ারম্যান | ৭৬৭০/- | ৩৮৩৫/- | ১০০০/- | ৬০০/- | ১৩০০/- | ১৪৪০৫/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মুল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৫। | **শিক্ষানবিশ কর্মচারী:** | ক) শিক্ষানবিশকাল ৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ১০০০/- (দশ হাজার) টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd